গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ
(স্থানীয় সরকার শাখা)

স্মারক নং-৪৬.৪৫.৬১০০.০১৫.১১.০০৫.১৬– ১২ তারিখ ঃ ০৪/০১/২০১৭ খ্রিঃ।

নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, ঢাকা এর ২৮/১১/২০১৬ খ্রিঃ তারিখের ৪৬.০১৮.০২২.০০.০০.০১০.২০১১(অংশ-২)-৭০৪ নং স্মারকের ছাড়পত্র মোতাবেক ময়মনসিংহ জেলার বিভিন্ন ইউনিয়ন পরিষদে হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর পদে অস্থায়ী ভিত্তিতে লোক নিয়োগের নিমিত্ত ময়মনসিংহ জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে সাদা কাগজে স্বহস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

পদের নাম	বেতনস্কেল	শূন্য পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা
২	৩	৪	৫
হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর	৯৩০০-২২৪৯০/- (জাঃ বেঃ স্কেল/১৫)	৬০(ষাট) টি	(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে বাণিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত এবং (গ) কম্পিউটার টাইপিং এ প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলা ২০ (বিশ) শব্দ ও ইংরেজি ২০ (বিশ) শব্দ।

শর্তাবলী

০১। হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটরদের বেতনের ৭৫% সরকারি অনুদান থেকে ও ২৫% ইউনিয়ন পরিষদের নিজস্ব আয় থেকে নির্বাহ করা হবে।

০২। জেলা প্রশাসক, ময়মনসিংহ বরাবর লিখিত আবেদনপত্র আগামী ২৬/০১/২০১৭ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে পৌঁছাতে হবে। সরাসরি/কুরিয়ারের মাধ্যমে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

০৩। প্রার্থীর বয়স ২৬/০১/২০১৭ তারিখে ১৮ হতে ৩০ বৎসরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং পুত্র/কন্যার পুত্র/কন্যার ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক সর্বোচ্চ বয়স সীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৪। আবেদনপত্রে (ক) প্রার্থীর পূর্ণ নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) বয়স (২৬/০১/২০১৭ খ্রিঃ তারিখে) (জ) জাতীয়তা (ঝ) ধর্ম (ঞ) অভিজ্ঞতা (যদি থাকে) (ট) কোটার নাম এবং (ঠ) শিক্ষাগত যোগ্যতার বিবরণ (নিম্নোক্ত ছক মোতাবেক) উল্লেখ থাকতে হবে।

ক্রমিক নং	পরীক্ষার নাম	শিক্ষা প্রতিষ্ঠানের নাম	বোর্ড/ বিশ্ববিদ্যালয়ের নাম	প্রাপ্ত বিভাগ/ শ্রেণী/ জিপিএ	উত্তীর্ণ হওয়ার বছর

০৫। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে ঃ

(ক) পৌর মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদপত্র (মূলকপি)।
(খ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার মূল/সাময়িক সনদপত্রের অনুলিপি (প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত)।
(গ) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট আকারের রঙিন ছবি (প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত)।
(ঘ) প্রার্থীকে আবেদনপত্রের সাথে জেলা প্রশাসক, ময়মনসিংহ এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হতে = ৩০০/- (তিনশত) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) দাখিল করতে হবে।
(ঙ) জাতীয় পরিচয়পত্র/ জন্মনিবন্ধন সনদের সত্যায়িত কপি।
(চ) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র (মূলকপি)।
(ছ) নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদনকারীর নাম, ঠিকানা সম্মলিত ১০.৫ x ৪.৫ সাইজের (৬/- টাকা মূল্যের অব্যবহৃত ডাক টিকিটসহ) একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে।

০৬। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং পুত্র/কন্যার পুত্র-কন্যার ক্ষেত্রে প্রার্থীর পিতা/মাতা কিংবা দাদা/দাদী, নানা/নানী মুক্তিযোদ্ধা হিসাবে প্রমাণের জন্য সর্বশেষ সরকারি সার্কুলার অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতি-স্বাক্ষরিত সনদপত্রের সত্যায়িত ফটোকপি।

(চলমান পাতা - ২)

০৭। প্রতিবন্ধীদের ক্ষেত্রে উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ময়মনসিংহ এর নিকট থেকে তালিকাভূক্তির সনদপত্রের কপি, এতিমখানার নিবাসীদের ক্ষেত্রে এতিমখানার তত্ত্বাবধায়কের নিকট থেকে প্রত্যয়নপত্রের কপি, আনসার/ভিডিপি'র ক্ষেত্রে জেলা কমান্ড্যান্ট কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি এবং উপজাতি/তপসিলি সম্প্রদায়ভূক্ত প্রার্থীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

০৮। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। সত্যায়নের ক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম, পদবী ও সীলমোহর থাকতে হবে।

০৯। চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে ডাকযোগে আবেদনপত্র পৌঁছাতে হবে। আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

১০। কোটা সম্পর্কিত সর্বশেষ প্রচলিত সরকারী নীতিমালা অনুসরণ করা হবে।

১১। খামের উপরে স্পষ্ট অক্ষরে আবেদনকারীর নাম, ঠিকানা, পদের নাম ও কোটার নাম লিখতে হবে।

১২। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩। নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ ক্ষেত্রে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১৪। আবেদনকারী কোন তথ্য গোপন বা ভূল তথ্য প্রদান করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ আদেশ বাতিল করা হবে এবং তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৫। কর্তৃপক্ষ পদের সংখ্যা কম/বেশী করাসহ নিয়োগ সংক্রান্ত শর্তাবলীর যে কোন শর্ত পরিবর্তন, সংশোধন বা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

০৪/১/২০১৭

(মোঃ খলিলুর রহমান)
জেলা প্রশাসক
ময়মনসিংহ।
ফোন ঃ ০৯১-৬৫৭৭৭(অফিস)
০৯১-৬৫৭৮৮ (বাসা)
E-mail : dcmymensingh@mopa.gov.bd

স্মারক নং-৪৬.৪৫.৬১০০.০১৫.১১.০০৫.১৬- ১২/১(২৫০) ০৪/১/১৭ তারিখ ঃ ০৪/০১/২০১৭ খ্রিঃ।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ ।

০৩। জেলা প্রশাসক, ...(সকল)।

অনুলিপি ঃ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

০১। পুলিশ সুপার, ময়মনসিংহ।

০২। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ময়মনসিংহ।

০৩। মেয়র, ময়মনসিংহ পৌরসভা, ময়মনসিংহ।

০৪। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ময়মনসিংহ।

০৫। উপজেলা নির্বাহী অফিসার,...(সকল), ময়মনসিংহ।

০৬। মেয়র, ...(সকল), ময়মনসিংহ।

০৭। চেয়ারম্যান, ... ইউনিয়ন পরিষদ (সকল), ময়মনসিংহ।

০৮। জেলা তথ্য অফিসার, ময়মনসিংহ। তাঁকে উক্ত নিয়োগ বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হ'ল।

০৯। সম্পাদক, দৈনিক জনকণ্ঠ, ঢাকা / দৈনিক আজকের বাংলাদেশ, ময়মনসিংহ। উপরোক্ত বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায় আগামী ০৯/০১/২০১৭ তারিখের মধ্যে যে কোন একদিন (সরকারি ছুটির দিন ব্যতীত) ভিতরের পাতায় ০২ (দুই) কলামে ০৮ ইঞ্চির মধ্যে প্রকাশ করে ০২(দুই) কপি পত্রিকা এ কার্যালয়ের স্থানীয় সরকার শাখায় প্রেরণ করার জন্য অনুরোধ করা হ'ল।

০৪/১/২০১৭

(মোঃ খলিলুর রহমান)
জেলা প্রশাসক
ময়মনসিংহ।

০৪/১/১৭